# স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি সভার রেজুলেশন ঃ-

সভার স্থান ঃ উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও-এর সভাকক্ষ।
সভার তারিখ ঃ ০৩/০২/২০২৫ ইং, সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

অদ্য ০৩/০২/২০২৫ ইং তারিখ রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও-এর সভাকক্ষে মাননীয় প্রশাসক,পীরগঞ্জ,ঠাকুরগাঁও এন,এম ইশফাকুল কবীর মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও-এর সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানীত সদস্যগণের নামের তালিকা(স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃ নং | নাম | পদবী | | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | এন,এম ইশফাকুল কবীর | মাননীয় প্রশাসক(অ.দা.) পীরগঞ্জ,ঠাকুরগাঁও | সভাপতি | স্বাক্ষরিত |
| ২। | মোঃ মোখলেসুর রহমান চৌধরী | চেয়ারম্যান, ৬নং পীরগঞ্জ ইউনিয়ন, পীরগঞ্জ, ঠাকুরগাঁও | সদস্য | স্বাক্ষরিত |
| ৩। | মোঃ সাইদুর রহমান | চেয়ারম্যান, ৯নং সেনগাঁও ইউনিয়ন, পীরগঞ্জ, ঠাকুরগাঁও | সদস্য | স্বাক্ষরিত |
| ৪। | ডাঃ আব্দুর রহমান সোহান | আবাসিক মেডিকেল অফিসার, ইউএইচসি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও | সদস্য সচিব | স্বাক্ষরিত |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে সালাম, শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি ডাঃ আব্দুর রহমান সোহান, অত্র কমিটির সম্মানীত সদস্য সচিব -কে গত সভার রেজুলেশন সভায় উপস্থাপনের অনুরোধ জানান।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/আলোচনা | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ডাঃ আব্দুর রহমান সোহান উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে গত সভার রেজুলেশন পাঠ করেন এবং কাহারো আপত্তি না থাকলে তা অনুমোদন চান।<br>তিনি বলেন যে, হাসপাতাল চত্বরে রাস্তা সমূহ নীচু হওয়ায় এবং চত্বরের পানির ড্রেন সমূহের সমস্যার কারনে বর্ষাকালে সামান্য বৃষ্টি হলেই চলাচল খুবই কষ্টকর হয়ে পড়ে। তাই রোগী, রোগীর লোকজন এবং ক্যাম্পাসে অবস্থানকারী কর্মকর্তা/কর্মচারী দুর্ভোগ এড়াতে উক্ত সমস্যা সমাধানের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। হাসপাতাল চত্বরে প্রাইভেট এ্যাম্বুলেন্স ও প্রাইভেট গাড়ী এবং দালাল নির্মূলের জন্য উপজেলা পরিষদকে ব্যবস্থা গ্রহন করার অনুরোধ করা হলো।<br>উপজেলা পরিষদের জাইকা প্রকল্পের আর্থিক সহযোগীতায় অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ অক্সিজেন সরবরাহের সেন্ট্রাল লাইন এবং জরুরী ও অন্তঃবিভাগে মোট ১৫ (পনের) টি শয্যায় অক্সিজেন সরবরাহের ব্যবস্থা করা হয়েছিল। বর্তমানে উক্ত সেন্ট্রাল লাইনের সমস্যার কারনে অক্সিজেন সরবরাহ বন্ধ আছে। তিনি অক্সিজেনের এই সেন্ট্রাল লাইন মেরামতের ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানান। | **সিদ্ধান্ত-১** : সর্বসম্মতিক্রমে গত সভার রেজুলেশন অনুমোদিত হলো। |
| ২। | উল্লেখ্য করেন যে,সকল শূন্য পদে জনবল পদায়নের জন্য উদ্ধর্তন কর্তৃপক্ষের সাথে পত্রযোগাযোগ ও চাহিদা প্রেরন করা হয়েছে। তিনি জানান যে, হাসপাতালে শয্যার সংখ্যার চেয়ে বেশী রোগী ভর্তি হলে কম্বলের সংকট হয় সামনে শীত মৌসুমে ১০০ টি কম্বল সরবরাহের জন্য উপজেলা পরিষদকে ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো। | **সিদ্ধান্ত-২** : জনাব এন,এম ইশফাকুল কবীর ১০০ টি কম্বল সরবরাহের জন্য উপজেলা পরিষদ থেকে দেওয়ার আশ্বাস দেন। |
| ৩। | হাসপাতালে ০১ টি উপযুক্ত স্টোর রুম ও ০১ টি কনফারেন্স রুম এবং সোলাল প্যানেল লাইট ০৫ টি উপজেলা পরিষদকে ব্যবস্থা গ্রহন করার অনুরোধ করা হলো। | |

(এন,এম ইশফাকুল কবীর)
প্রশাসন(অ.দা.)
উপজেলা পরিষদ
ও
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি,
পীরগঞ্জ,ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়
পীরগঞ্জ,ঠাকুরগাঁও।

স্মারক নং-উস্বাক/পীর/ঠাক/২০২৫/...৭২৮ তারিখঃ- ১১/২/২০২৫ ইং।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইলঃ-

১। উপজেলা নির্বাহী অফিসার,পীরগঞ্জ,ঠাকুরগাঁও।

২। অফিস নথি।

11.2.25

(ডাঃ মোঃ আব্দুল জব্বার)
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

১১/২/২৫

# উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভার হাজিরা সীট

**স্থান :** উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। **সময় :** ০১-০০ টা, **তারিখ :** ০৩-০২-২০২৫ খ্রিঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | এন, এম ইশফাকুল কবীর | প্রশাসক (অ.দা.) | সভাপতি | |
| ২ | মোঃ মোখলেসুর রহমান চৌধুরী | চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ.পি. | সদস্য | |
| ৩ | মোঃ সাইদুর রহমান | চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. | সদস্য | |
| ৪ | মোঃ জিয়াউর রহমান জিয়া | চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. | সদস্য | |
| ৫ | ডাঃ মোঃ আব্দুল জব্বার | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | সদস্য সচিব | |